

তুমি

যদি এই সব ক্ষতচিহ্ন বুকে নিয়ে জাগো
তবে কেউ দ্রুত হাতে মুছে দিতে আসবে কি আজ!
এখন তোমার পাশে ত্রমশ গুটিয়ে আছে জাল
বন্ধুদের হাতে হাতে তৈরি হয় অমোঘ শৃঙ্খল
ঠোঁটের বাঁকানো হাসি চিনে নিতে চায় শুধু আজ
যা বলো, বলেছ তুমি উঁচুগলা কিংবা চাপাস্বরে
সে - সবের ভিতরেও লুকোনো রয়েছে কোন্ ছল
সে যতটা তুমি, তার চেয়ে ঢের বেশি জানি
ঠিক ততটাই তুমি নও, তোমার আড়ালে
অন্য কেউ গোপনে গোপনে বোনে নিশ্চিত সন্দ্বাস।

তবে এইসব ক্ষতচিহ্ন এঁকে তোলো নিজে
তোমারই সে - অভিসন্ধি। আমরা তো পাতালেরও নীচে
সুড়ঙ্গ খুঁড়েই চলি, জেনে নিতে কোথা থেকে আসে
তোমার একাকী স্বর। একা তুমি, তোমাকেই ভয়।

সব্যসাচী দেব

